জেলা পরিষদ কার্যালয়
দিনাজপুর
www.zpdinajpur.gov.bd

নম্বর : ৪৬.৪২.৫২০০.০০১.১১.০০৬.২০২৫- ১৭০

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, ২ নভেম্বর, ২০২৫খ্রি. তারিখের ৪৬.৪২.০০০০.০০০.১১.০০৭.১৫.২৩৭২ নং স্মারকে দিনাজপুর জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত সার্ভেয়ারের শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফরমে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | সার্ভেয়ার | ৯৩০০-২২৪৯০<br>জাতীয় বেতন স্কেল,২০১৫<br>(গ্রেড-১৬) | ১৮-৩২ বছর | ১(এক) | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইসস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী সার্ভে ডিপ্লোমা। |

শর্তাবলী:

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা পরিষদের ওয়েবসাইট www.zpdinajpur.gov.bd হতে ডাউনলোড করা যাবে এবং এ কার্যালয় হতে পাওয়া যাবে। **নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।**

০৩। নিয়োগ সংক্রান্ত যে কোন তথ্য দিনাজপুর জেলা পরিষদের ওয়েবসাইট (www.zpdinajpur.gov.bd) এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর বরাবর ১৮/০১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ টার মধ্যে) জেলা পরিষদ কার্যালয়, দিনাজপুরে ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

০৫। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বয়স ১৮/১২/২০২৫ খ্রি. তারিখে (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা ( যদি থাকে) (ঠ) প্রার্থীর কোটা (সাধারণ/বীর মুক্তিযোদ্ধা/ প্রতিবন্ধী/বিভাগীয়) (ড) পে-অর্ডার নম্বর ইত্যাদি উল্লেখসহ নির্ধারিত ফরমে স্পষ্ট অক্ষরে স্বহস্তে লিখিত এবং স্বাক্ষরযুক্ত করতে হবে।

০৬। প্রার্থীর বয়স ১৮/১২/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা(নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৮। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে আবেদনের সাথে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক কর্তৃক ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পরিচয় বিষয়ক সনদ পত্র দাখিল করতে হবে।

০৯। অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/ প্রমাণক দাখিল করতে হবে।

১০। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং জাতীয় পরিচয় পত্রের/জন্ম নিবন্ধন পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

১১। আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকূলে যে কোন তপশিলি ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১২। দরখাস্তের খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম, প্রার্থীর নাম/ঠিকানা লিখতে হবে। আবেদনপত্রের সাথে ৪ ইঞ্চি X ১০ ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিটসহ ফেরতখাম যুক্ত করতে হবে।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী/প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য মর্মে বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ছায়ালিপি ১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত সিল থাকতে হবে।

১৫। সরকারী, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিতে কর্মরত প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১৬। চাকুরিতে নিয়োগের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং পরবর্তীতে পুলিশ ভেরিভিকেশন রিপোর্ট দাখিল করতে হবে।

১৭। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগের শিক্ষানবিশ সময়কাল ৬(ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। নিয়োগ সংক্রান্ত কোন ]জটিলতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। দরখাস্ত বাছাইয়ে কেবল উপযুক্ত বিবেচিত হলে প্রার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে গণ্য হবেন।

২০। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্যে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে (বীর মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে)।

২২। এ নিয়োগের ক্ষেত্রে চাকুরির শর্তবলী, বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০,"স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা- কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০" ও মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী এবং সরকারী সকল বিধি বিধান প্রযোজ্য হবে।

২৩। অনিবার্যকারণে যে কোন পর্যায়ে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্ত সংযোজন, সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মোখলেছুর রহমান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি
সংক্রান্ত বাছাই কমিটি